

সাংস্কৃতিক প্রতিষ্ঠান অনুদান মঞ্জুরী নীতিমালা

১। এ নীতিমালা 'সাংস্কৃতিক প্রতিষ্ঠান অনুদান মঞ্জুরী নীতিমালা' নামে অভিহিত হবে।

২। উদ্দেশ্য :

২.১ দেশব্যাপী সংস্কৃতি চর্চার উন্নয়ন, বিকাশ ও প্রসার।

২.২ জাতির বৃহত্তর স্বার্থে সংস্কৃতি চর্চার সুস্থ পরিবেশকে স্থিতিশীল রাখা।

২.৩ সংস্কৃতি চর্চার ক্ষেত্রে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি পর্যায়ের উদ্যোগকে উৎসাহ প্রদান করা।

২.৪ সুস্থ ও সৎ সংস্কৃতি চর্চার বহমান ধারাকে আরও সমৃদ্ধ এবং বেগবান করা।

২.৫ সরকারি পৃষ্ঠপোষকতা প্রদানের ফলে সংস্কৃতি চর্চাকে একটি অত্যাবশ্যকীয় আচরণীয় কর্ম হিসেবে প্রতিষ্ঠিত করার মাধ্যমে দেশের আপামর জনগণকে ক্রমান্বয়ে সমৃদ্ধ ও রুচিবান করে তোলা।

২.৬ সংস্কৃতির বিভিন্ন মাধ্যমসমূহকে শিক্ষণীয় বিষয় হিসেবে যথাযথভাবে প্রতিষ্ঠা করা।

২.৭ সংস্কৃতি চর্চার সংগে সম্পৃক্ত হওয়ার উপযুক্ত ক্ষেত্র তৈরীকরণ।

২.৮ বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মানসিক বিকাশ ও উৎকর্ষ সাধনের ক্ষেত্র প্রস্তুত করা।

২.৯ দেশে সংস্কৃতির বিভিন্ন মাধ্যমের উপযুক্ত শিক্ষক ও শিল্পী গড়ে তোলা।

২.১০ সংস্কৃতিকে সৌখিনতার স্তর থেকে ক্রমান্বয়ে পেশাদার কর্মে উন্নীত করা।

২.১১ বিভিন্ন প্রতিষ্ঠান ও গোষ্ঠীর মধ্যে প্রতিযোগিতামূলক সুস্থ পরিবেশ গড়ে তোলা।

৩। সাধারণ নীতি :

৩.১ এ নীতিমালা 'সাংস্কৃতিক প্রতিষ্ঠান অনুদান মঞ্জুরী নীতিমালা' নামে অভিহিত হবে।

৩.২ এ শিরোনাম "সংস্কৃতিসেবী প্রতিষ্ঠান অনুদান মঞ্জুরী প্রদানের নীতিমালা" শীর্ষক শিরোনামের স্থলাভিষিক্ত হবে।